

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

তারিখঃ ০৯-০৫-২০১৯ খ্রিঃ

নং-৩৫.০০.০০০০.০২০.০০৬.০১৯.১৮-২৪৮

বিষয়ঃ ঈদ-উল-ফিতর, ২০১৯ উপলক্ষে মহাসড়কে যাত্রীসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করার নিমিত্ত কার্যকর ব্যবস্থা ও যথাযথ পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

ঈদ-উল-ফিতর, ২০১৯ উদযাপন উপলক্ষে মহাসড়কে যাত্রীসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করার নিমিত্ত বিগত বছরসমূহের ন্যায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/প্রতিষ্ঠান ও পরিবহন মালিক-শ্রমিক সমিতিকে নিম্নবর্ণিত কার্যকর ব্যবস্থা ও যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

ক্রম	বিষয়	কার্যক্রম	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	মহাসড়ক রক্ষণাবেক্ষণ ও মেরামত	সকল শ্রেণির মহাসড়কে মোটরযান চলাচল নির্বিঘ্ন রাখার লক্ষ্যে আসন্ন ঈদের ৭ (সাত) দিন পূর্বেই প্রয়োজনীয় মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করতে হবে।	প্রধান প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক জোন (সকল) নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ (সকল)
২.	জাতীয় ও আঞ্চলিক মহাসড়কসমূহ যানজট মুক্ত রাখা	ঢাকা-চট্টগ্রাম, ঢাকা-ময়মনসিংহ, ঢাকা-টাঙ্গাইল, ঢাকা-মানিকগঞ্জ-পাটুরিয়া-আরিচা, ঢাকা-সিলেট, ঢাকা-মাওয়া ইত্যাদি জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের বিশেষ করে ফেরী ঘাট এলাকা, উন্নয়ন কাজ চলমান স্থান, বাসস্ট্যান্ড, বাজার এলাকা, ইন্টার-সেকশন ইত্যাদির যানজট নিরসনে প্রয়োজনীয় কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।	বিভাগীয় কমিশনার, ডিআইজি রেঞ্জ, ডিআইজি হাইওয়ে, র‍্যাভ, জেলা প্রশাসক, পুলিশ সুপার, সড়ক ও জনপথ অধিদপ্তর, পরিবহন মালিক ও শ্রমিক সমিতি
৩.	বাস টার্মিনালের শৃঙ্খলা রক্ষার জন্য ভিজিলেন্স টিম গঠন	সায়েদাবাদ, মহাখালী ও পাবতলী বাস টার্মিনাল এবং ঢাকার বিভিন্ন স্থান হতে ছেড়ে যাওয়া ও আগত মোটরযানের যানজটমুক্তভাবে চলাচল নিশ্চিত করতে অন্যান্য বছরের ন্যায় ঢাকা মহানগরীর ৩টি বাস টার্মিনালের জন্য আন্তঃসংস্থা সমন্বয়ে পৃথক ৩টি ভিজিলেন্স টিম গঠন করতে হবে। গঠিত টিম মোটরযানে অতিরিক্ত ভাড়া দাবী/ আদায় এবং ধারণ ক্ষমতার অতিরিক্ত মালামাল/ যাত্রী পরিবহন ও উদ্ভূত যে কোন পরিস্থিতি সমাধানে কার্যকর উদ্যোগ গ্রহণ করবে।	বিআরটিএ, ডিএমপি, মালিক ও শ্রমিক সমিতি
৪.	দুর্ঘটনার কারণে তাৎক্ষণিকভাবে সৃষ্ট যানজটের প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ	দুর্ঘটনাজনিত পরিস্থিতিতে যানজট সৃষ্টি হলে দ্রুত দুর্ঘটনা কবলিত গাড়ি অপসারণ করে পার্শ্ববর্তি খালি জায়গায় স্থানান্তর করতে হবে।	রেঞ্জ ডিআইজি, ডিআইজি হাইওয়ে রেঞ্জ, র‍্যাভ, সড়ক ও জনপথ অধিদপ্তর, জেলা প্রশাসক, পুলিশ সুপার
৫.	অস্থায়ী/ভাসমান বাজার অপসারণ	যানবাহন চলাচলের সুবিধার্থে মহানগরী এবং জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের উপর ও উভয় পার্শ্বের অস্থায়ী/ভাসমান বাজার অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, চট্টগ্রাম, নারায়ণগঞ্জ এবং গাজীপুর সিটি কর্পোরেশন, ডিআইজি হাইওয়ে রেঞ্জ, জেলা প্রশাসক, পুলিশ সুপার, সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ

ক্রম	বিষয়	কার্যক্রম	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৬.	মহাসড়কের অপব্যবহার বন্ধ করা	মহাসড়কের উপর ধান, পাট, খড়, কাঠ ইত্যাদি শুকাতো দেয়া যাবে না। স'মিলের কাঠ ও নির্মাণ সামগ্রী মহাসড়কে রাখা যাবে না।	রেঞ্জ ডিআইজি, হাইওয়ে পুলিশ, জেলা প্রশাসক, পুলিশ সুপার, সড়ক ও জনপথ অধিদপ্তর
৭.	বিকল্প সড়ক ব্যবহার	ঢাকা মহানগরীতে প্রবেশ ও বহির্গমনে যানবাহনের চাপ কমানোর লক্ষ্যে হালকা মোটরযানকে বিকল্প মহাসড়ক ব্যবহারে উৎসাহিত করতে হবে। বিআরটিএ এ সম্পর্কে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তি প্রকাশ করবে।	বিআরটিএ, ডিএমপি, হাইওয়ে পুলিশ, জেলা প্রশাসক, পুলিশ সুপার, সড়ক ও জনপথ অধিদপ্তর, মালিক ও শ্রমিক সমিতি
৮.	আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ	বাস টার্মিনাল ও মহাসড়কে চাঁদাবাজি বন্ধ করতে হবে এবং সড়কপথে চুরি, ডাকাতি, ছিনতাই, পকেটমার, মলম পাট, অজ্ঞান পাটির দৌরাভ্যা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জননিরাপত্তা বিভাগ, মহাপুলিশ পরিদর্শক, বিভাগীয় কমিশনার, রেঞ্জ ডিআইজি, হাইওয়ে পুলিশ, র‍্যাব, জেলা প্রশাসক, পুলিশ সুপার, বাংলাদেশ বাস মালিক ও শ্রমিক সমিতি
৯.	মহাসড়কে লক্কড়-ঝক্কড় গাড়ী চলাচল নিয়ন্ত্রণ ও মোবাইল কোর্ট পরিচালনা	ঈদ উপলক্ষে দূরপাল্লার যানবাহনের স্বল্পতার সুযোগে লক্কড়-ঝক্কড় গাড়ী যেন দূরপাল্লায় চলাচল করতে না পারে সে বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	বিভাগীয় কমিশনার, রেঞ্জ ডিআইজি, হাইওয়ে পুলিশ, বিআরটিএ, জেলা প্রশাসক, পুলিশ সুপার, বাস মালিক ও শ্রমিক সমিতি
১০.	যত্রতত্র গাড়ী পার্কিং এবং যাত্রী উঠা-নামা বন্ধ করা	ঢাকা মহানগরীতে যত্রতত্র গাড়ী পার্কিং বন্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	ডিএমপি, বিআরটিএ, র‍্যাব, সিটি কর্পোরেশন (উত্তর ও দক্ষিণ), রাজউক
১১.	নসিমন, করিমন, ইজিবাইক জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে চলাচল বন্ধ নিশ্চিত করা	সরকারি সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে নসিমন, করিমন, ভটভটি, ইজিবাইক, মাহিন্দ্র ইত্যাদি চলাচল বন্ধ করতে হবে এবং এর বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	বিভাগীয় কমিশনার, রেঞ্জ ডিআইজি, হাইওয়ে পুলিশ, বিআরটিএ, জেলা প্রশাসক, পুলিশ সুপার, মালিক ও শ্রমিক সমিতি
১২.	বাস, ট্রাক ও কভার্ডভ্যান এর অননুমোদিত এ্যাসেল, বাম্পার, হুক ইত্যাদি অপসারণ	সরকারি সিদ্ধান্ত অনুযায়ী দুর্ঘটনা রোধে বাস, ট্রাক ও কভার্ডভ্যান এর অননুমোদিত এ্যাসেল, বাম্পার, বিপদজনক হুক ইত্যাদি অপসারণ কার্যক্রম জোরদার করতে হবে। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনাসহ কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিভাগীয় কমিশনার, রেঞ্জ ডিআইজি, হাইওয়ে পুলিশ, বিআরটিএ, সড়ক ও জনপথ অধিদপ্তর, জেলা প্রশাসক, পুলিশ সুপার, মালিক ও শ্রমিক সমিতি
১৩.	এক্সেল লোড কঠোরভাবে নিয়ন্ত্রণ	নির্ধারিত এক্সেল লোড এর অতিরিক্ত ওজন বহনকারী মোটরযানের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে লাগাতার মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	বিভাগীয় কমিশনার, রেঞ্জ ডিআইজি, হাইওয়ে পুলিশ, বিআরটিএ, সড়ক ও জনপথ অধিদপ্তর, জেলা প্রশাসক, পুলিশ সুপার
১৪.	টোল প্লাজার সকল বুথ চালু রাখা	যানজটে জনদুর্ভোগ এড়ানোর লক্ষ্যে বঙ্গবন্ধু সেতু, মেঘনা সেতু, গোমতি সেতুসহ সকল গুরুত্বপূর্ণ সেতুর টোল বুথসমূহ ২৪ ঘন্টা চালু রাখতে হবে। যানজট এড়ানোর লক্ষে প্রয়োজনে একাধিক টোল কালেকশন ব্রথ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সেতু বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, টোল প্লাজা কর্তৃপক্ষ
১৫.	সিএনজি স্টেশন সার্বক্ষণিক চালু রাখা	প্রতি বছরের ন্যায় ঈদ উপলক্ষে সিএনজি স্টেশনগুলো ঈদের পূর্বের ৪ (চার) দিন ও ঈদের দিনের পরে ৪ (চার) দিন ২৪ ঘন্টা খোলা রাখতে হবে। এ বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ অন্যান্য বছরের ন্যায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৩


ক্রম	বিষয়	কার্যক্রম	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৬.	২২টি জাতীয় মহাসড়কে ত্রি-ছইলার বন্ধ	ত্রি-ছইলার অটোরিক্সা/অটোট্যাক্সি এবং সকল শ্রেণির অযান্ত্রিক যানবাহন চলাচল নিষিদ্ধ ২২টি জাতীয় মহাসড়কে এ সকল যানবাহন চলাচল বন্ধের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বিভাগীয় কমিশনার, রেঞ্জ ডিআইজি, হাইওয়ে পুলিশ, বিআরটিএ, জেলা প্রশাসক, পুলিশ সুপার
১৭.	জরুরি সার্ভিসসমূহ প্রস্তুত রাখা	জরুরি সার্ভিস গ্যাস, বিদ্যুৎ, টেলিফোন, ফায়ার সার্ভিস, এম্বুলেন্স ইত্যাদি সংস্থার অফিসের কর্মকর্তা/কর্মচারীগণকে যাতে জরুরী প্রয়োজনে পাওয়া যায় সে বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা জারি করবে।	বিদ্যুৎ বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, পুলিশ সুপার
১৮.	বিআরটিসি'র স্পেশাল ঈদ সার্ভিস	ঈদ উপলক্ষে বিআরটিসি ঢাকা মহানগরী থেকে প্রত্যেকটি জেলা শহর ও গুরুত্বপূর্ণ স্থানে স্পেশাল ঈদ সার্ভিস পরিচালনা করবে। বিষয়টি বিজ্ঞপ্তি দ্বারা জনসাধারণকে অবহিত করতে হবে।	বিআরটিসি
১৯.	ফেরীর সংখ্যা বৃদ্ধি	আসন্ন ঈদ উপলক্ষে কোন অবস্থাতেই ফেরী সার্ভিস বন্ধ রাখা যাবে না। ফেরীঘাটে গাড়ী পারাপার নির্বিয় করার জন্য পর্যাপ্ত সংখ্যক যান্ত্রিক ক্রেটিমুক্ত ফেরীর চলাচল নিশ্চিত করতে হবে এবং অতিরিক্ত ফেরীর মজুদ রাখতে হবে।	বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (যান্ত্রিক), সড়ক ও জনপথ অধিদপ্তর
২০.	বিনা প্রয়োজনে মহাসড়কে মোটরযান না থামানো	যানজট নিয়ন্ত্রণের লক্ষ্যে ঈদের পূর্বের ৭ (সাত) দিন ও ঈদের দিনের পরে ৭ (সাত) দিন সুনির্দিষ্ট পূর্ব তথ্য ব্যতিত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক সড়কের উপর মোটরযান থামানো যাবে না।	জননিরাপত্তা বিভাগ, মহাপুলিশ পরিদর্শক, ডিআইজি রেঞ্জ, হাইওয়ে পুলিশ, র‍্যাভ, পুলিশ সুপার
২১.	নির্দিষ্ট সময়ের জন্য ট্রাক, লরী ও কাভার্ড ভ্যান চলাচল বন্ধ রাখা	পবিত্র ঈদের আগের ৩ (তিন) দিন মহাসড়কে ট্রাক, কাভার্ড ভ্যান ও লরী চলাচল বন্ধ থাকবে। তবে নিত্য প্রয়োজনীয় খাদ্য-দ্রব্য, পঁচনশীল দ্রব্য, গার্মেন্টস সামগ্রী, ঔষধ, কাঁচা চামড়া এবং জ্বালানী বহনকারী যানবাহনসমূহ এর আওতামুক্ত থাকবে। বিষয়টি বিআরটিএ বিজ্ঞপ্তির মাধ্যমে সকলকে অবহিত করবে।	বিআরটিএ, হাইওয়ে পুলিশ, ডিআইজি রেঞ্জ, জেলা প্রশাসক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পুলিশ সুপার, সড়ক ও জনপথ অধিদপ্তর, পরিবহন মালিক ও শ্রমিক সমিতি
২২.	ঈদ উপলক্ষে ভিন্ন ভিন্ন দিনে গার্মেন্টস ফ্যাঙ্টরি বন্ধ দেয়া ও খোলা	ঈদ উপলক্ষে একই সময়ে মহাসড়কে যাত্রীদের অত্যধিক চাপ কমানোর লক্ষ্যে গার্মেন্টস কর্তৃপক্ষকে ভিন্ন ভিন্ন দিনে ছুটি প্রদান করতে এবং ভিন্ন ভিন্ন দিনে খুলতে অনুরোধ করতে হবে। এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়, এফবিসিসিআই, বিজিএমইএ ও বিকেএমইএ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	বাণিজ্য মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, এফবিসিসিআই, বিজিএমইএ, বিকেএমইএ
২৩.	দুর্ঘটনায় পতিত গাড়ি দ্রুত অপসারণের জন্য রেকার ও ফ্রেন প্রস্তুত রাখা	দুর্ঘটনা কবলিত মোটরযান অপসারণের জন্য বঙ্গবন্ধু সেতু, মেঘনা সেতু ও গোমতি সেতুসহ দুর্ঘটনাগ্রবন স্থানে প্রয়োজনীয় সংখ্যক রেকার ও ফ্রেন প্রস্তুত রাখতে হবে।	রেঞ্জ ডিআইজি, ডিআইজি হাইওয়ে, সড়ক ও জনপথ অধিদপ্তর, জেলা প্রশাসক, পুলিশ সুপার

১৯

ক্রম	বিষয়	কার্যক্রম	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২৪.	বড় ধরণের দুর্ঘটনা মোকাবেলায় হেলিকপ্টার ব্যবহার করা	মহাসড়কে অনাকাঙ্ক্ষিত আকস্মিক বড় ধরণের দুর্ঘটনার অব্যবহিত পরই উদ্ধার কাজ শুরু নিমিত্ত হেলিকপ্টার প্রস্তুতি রাখতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হল।	জননিরাপত্তা বিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ বিমান বাহিনী, র‍্যাব
২৫.	অনভিজ্ঞ গাড়ি চালক দ্বারা মহাসড়কে মোটরযান না চালানো	যথাযথ শ্রেণির লাইসেন্স ব্যতীত অনভিজ্ঞ গাড়ি চালক মহাসড়কে গণপরিবহন চালাতে পারিবে না।	বিআরটিএ, ডিআইজি হাইওয়ে পুলিশ, জেলা প্রশাসক, পুলিশ সুপার, পরিবহন মালিক ও শ্রমিক সমিতি
২৬.	সড়ক নিরাপত্তা বিধানে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ	দুর্ঘটনা রোধে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় গণসচেতনতামূলক অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বাসস্ট্যান্ডে গণসচেতনতামূলক কার্যক্রম চালাতে হবে।	তথ্য মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, মহাপুলিশ পরিদর্শক, বিআরটিএ
২৭.	টয়লেট ব্যবহারের উপযোগী রাখা	অপ্রত্যাশিত যানজটকালীন সময়ে মহিলা ও শিশুদের ব্যবহারের সুবিধার্থে মহাসড়কের পার্শ্বে অবস্থিত পেট্রোল পাম্প, সিএনজি স্টেশন, হাইওয়ে রেস্টুরেন্ট, ডাক বাংলো এবং শিক্ষা প্রতিষ্ঠানের টয়লেটগুলো ব্যবহারের উপযোগী রাখতে হবে।	মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, রেঞ্জ ডিআইজি, হাইওয়ে পুলিশ, জেলা প্রশাসক, পুলিশ সুপার, সড়ক ও জনপথ অধিদপ্তর
২৮.	ডিটিসিএ এর অধিক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ	ডিটিসিএ অধিক্ষেত্রভূক্ত ইহার এলাকায় কোন অনাকাঙ্ক্ষিত অবস্থার সৃষ্টি হলে উহার নিরসনে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।	ডিটিসিএ
২৯.	কেন্দ্রীয় কন্ট্রোল রুম	ঈদ-উল-ফিতর উপলক্ষে বিআরটিএ'র সদর কার্যালয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিআরটিএ, বিআরটিসি এবং সড়ক ও জনপথ অধিদপ্তর এর কর্মকর্তাদের সমন্বয়ে ঈদের ৪ (চার) দিন পূর্ব হতে ঈদের দিনের পরের ৪ (চার) দিন পর্যন্ত একটি কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ খোলা হবে। নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ৫৫০৪০৭৩৭ ও মোবাইল নম্বর ০১৫৫০০৫১৬০৬। যুগ্মসচিব (বিআরটিএ অধিশাখা) ফোকাল পারসন হিসেবে কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষের সার্বিক দায়িত্বে থাকবেন (০১৭১১৯০১৫২২)। অত্র বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা স্ব স্ব ফোকাল পয়েন্ট নির্ধারণ করবে এবং নিয়ন্ত্রণ কক্ষে দায়িত্ব পালনের জন্য ডিউটি রোটার করে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বিআরটিএ, বিআরটিসি, সড়ক ও জনপথ অধিদপ্তর,

১২


৩০	যানজট নিরসনে আন্দল্লাহপুর - গাজীপুর মহাসড়কের বিভিন্ন স্থানের গ্যাপ (ফাঁকা স্থান) যৌক্তিক ভাবে কমিয়ে আনা।	আন্দল্লাহপুর হতে গাজীপুর পর্যন্ত মহাসড়কের বিভিন্ন স্থানে যে ৩৩টি গ্যাপ (ফাঁকা স্থান) রয়েছে সেগুলো যৌক্তিকভাবে কমিয়ে আনতে হবে। এবং গুরুত্বপূর্ণ কয়েকটি গ্যাপ প্রশস্ত করে ইউ-টার্ন এর সুবিধা সহজতর করতে হবে। এ বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তরের রোড সেফটি উইং এর প্রতিনিধি, জেলা পুলিশ এবং হাইওয়ে পুলিশ এর প্রতিনিধির সহযোগিতায় অতিরিক্ত প্রধান প্রকৌশলী ঢাকা জোন প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন	অতিরিক্ত প্রধান প্রকৌশলী ঢাকা জোন/ জেলা পুলিশ এবং হাইওয়ে পুলিশ
৩১	আন্দল্লাহপুর-গাজীপুর চৌরাস্তা দুই পাশে যানবাহন চলাচলের জন্য দুই লেন করে চার লেন উন্মুক্ত রাখা	আন্দল্লাহপুর-গাজীপুর চৌরাস্তা মহাসড়কে দুই পাশে যানবাহন চলাচলের জন্য দুই লেন করে চার লেন উন্মুক্ত রেখে বাস/মিনিবাস স্টপেজ এর জন্য সুবিধাজনক স্থান নির্ধারণ করতে হবে। উক্ত স্থান ব্যতিত অন্য কোথাও যাত্রী উঠা-নামার জন্য বাস/মিনিবাস থামানো যাবে না এবং বাস/মিনিবাস থামিয়ে উক্ত লেনসমূহ বন্ধ করা যাবে না।	গাজীপুর জেলা/ ডিআইজি, হাইওয়ে পুলিশ, প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, নির্বাহী প্রকৌশলী (সওজ), গাজীপুর, সড়ক বিভাগ
৩২	শিল্প কারখানা/গার্মেন্টস-এ পণ্যবাহী ট্রাক ও কাভার্ড ভ্যান মহাসড়কে পার্কিং করে লোড/আনলোড না করা	শিল্প কারখানা/গার্মেন্টস-এ পণ্যবাহী কোনো ট্রাক ও কাভার্ড ভ্যান মহাসড়কে পার্কিং করা যাবে না এবং মালামাল লোড/আনলোড করা যাবে না। শিল্প কারখানা/গার্মেন্টস মালিককে তাদের ফ্যাক্টরির অভ্যন্তরে নিজস্ব জায়গায় মালামাল লোড/ আনলোডের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	এফবিসিসিআই, বিজিএমইএ, ডিআইজি হাইওয়ে পুলিশ, জেলা প্রশাসন, গাজীপুর/ নারায়ণগঞ্জ, বাংলাদেশ ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতি


(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা
৫. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৬. মহাপুলিশ পরিদর্শক, পুলিশ ভবন, ঢাকা
৭. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
১৬. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
১৭. চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
১৮. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এডিনিউ, মতিঝিল, ঢাকা
১৯. কমিশনার (সকল) ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ বিভাগ
২০. মহাপরিচালক, র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন, র্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা
২১. পুলিশ কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
২২. ডিআইজি (সকল রেঞ্জ) ঢাকা/চট্টগ্রাম/সিলেট/খুলনা/বরিশাল/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ/ডিআইজি, হাইওয়ে রেঞ্জ, ঢাকা
২৩. মহাপরিচালক (ডিজি), এসডব্লিউও (পশ্চিম), ঢাকা সেনানিবাস, ঢাকা
২৪. চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ৫ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা
২৫. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম
২৬. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
২৭. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/সিলেট/ চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/গোপালগঞ্জ/যাদুক জোন
২৮. পরিচালক, এসডব্লিউও (চট্টগ্রাম), দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
২৯. প্রকল্প পরিচালক, ঢাকা-চট্টগ্রাম ৪-লেন প্রকল্প
৩০. প্রকল্প পরিচালক, ঢাকা-ময়মনসিংহ ৪-লেন প্রকল্প
৩১. প্রকল্প পরিচালক, সাসেক-সংযোগ সড়ক প্রকল্প, বাড়ি নম্বর-১২৭, রোড নম্বর-০২, ব্লক-এ, নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২
৩২. প্রকল্প পরিচালক, সাসেক-সংযোগ সড়ক প্রকল্প-২, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৩৩. প্রকল্প পরিচালক, ৪ লেন বিশিষ্ট ভুলতা ম্লাইওভার নির্মাণ প্রকল্প
৩৪. জেলা প্রশাসক, ঢাকা/মানিকগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/টাঙ্গাইল/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/সিরাজগঞ্জ/চট্টগ্রাম/মাদারীপুর/রাজবাড়ী
৩৫. পুলিশ সুপার, ঢাকা/মানিকগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/টাঙ্গাইল/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/সিরাজগঞ্জ/চট্টগ্রাম/মাদারীপুর/রাজবাড়ী
৩৬. প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম
৩৭. নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ ঢাকা/মানিকগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/টাঙ্গাইল/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/সিরাজগঞ্জ/চট্টগ্রাম/ মাদারীপুর/রাজবাড়ী
৩৮. সভাপতি, এফবিসিসিআই, ৬০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
৩৯. সভাপতি, বাংলাদেশ নিটওয়ার ম্যানুফেকচারার্স এবং এক্সপোর্ট এসোসিয়েশন (বিকেএমইএ), প্র্যানার্স টাওয়ার্স (৪র্থ ফ্লোর), ১৩/এ সোনাগাঁও রোড, বাংলামটর, ঢাকা
৪০. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, ২১/১ পাথুরেপাথ লিংক রোড, কাওরান বাজার ঢাকা-১২১৫

৪১. মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, পরিবহন ভবন, ২১, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৪২. সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা
৪৩. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ বাস ট্রাক ওনার্স এসোসিয়েশন, ২৫৭/ক হাজী আহসানউল্লাহ কমপ্লেক্স, বাগবাড়ী, মিরপুর, ঢাকা
৪৪. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ট্রাক ও কভার্ডভ্যান মালিক সমিতি, মসজিদ মার্কেট কমপ্লেক্স, ৪র্থ তলা, তেজগাঁও, ট্রাক টার্মিনাল, ঢাকা
৪৫. সভাপতি/সাধারণ সম্পাদক, বাস-মিনিবাস শ্রমিক ইউনিয়ন, মহাখালী/সায়েদাবাদ/ফুলবাড়ীয়া/গাবতলী বাস টার্মিনাল, ঢাকা
৪৬. সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা বাস ট্রাক ওনার্স গ্রুপ, ২৩১/ক, গাবতলী বাস টার্মিনাল, ঢাকা
৪৭. পরিচালক, মেঘনা/দাউদকান্দি /বঙ্গবন্ধু সেতু টোল প্লাজা, ঢাকা/রংপুর জাতীয় মহাসড়ক এবং ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়ক
৪৮. পরিচালক, এক্সেল লোড নিয়ন্ত্রণ কেন্দ্র, বাখুলি, খামরাই, ঢাকা


(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯

নং-৩৫.০০.০০০০.০২০.০০৬.০১৯.১৮-২৪৮ (১২০)/১(২১)

তারিখঃ ০৯-০৫-২০১৯ খ্রিষ্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২. যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৬. মাননীয় সভাপতির একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি, জাতীয় সংসদ ভবন, ঢাকা
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮. মাননীয় মেয়র এর একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/চট্টগ্রাম সিটি কর্পোরেশন/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন/গাজিপুর সিটি কর্পোরেশন
- ✓ ৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (পত্রটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


(মোঃ লিয়াকত আলী)
সহকারী সচিব